



ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।



বিআরপিডি সার্কুলার লেটার নং - ২০

১৮ জ্যৈষ্ঠ ১৪২৯

তারিখ : -----

০১ জুন ২০২২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

ব্যাংক-কোম্পানীর পরিচালনা ও ব্যবস্থাপনায় শৃঙ্খলা নিশ্চিতকল্পে কতিপয় বিধিনিষেধ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার লেটার নং ১৫ তারিখ ১১ মে ২০২২ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত সার্কুলার লেটারের ২.১ অনুচ্ছেদে ব্যাংক-কোম্পানীর পর্ষদের চেয়ারম্যান বা পর্ষদের সহায়ক কমিটির চেয়ারম্যান হিসেবে নিযুক্ত ব্যক্তির ক্ষেত্রে সাবসিডিয়ারিসহ ব্যাংকের অর্থায়নে গঠিত অন্যান্য কোম্পানী/প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান/পরিচালক/সদস্য হিসেবে অন্তর্ভুক্ত হওয়ার বিষয়ে নিষেধাজ্ঞা আরোপ করা হয় যা ৩০ জুন ২০২২ তারিখের মধ্যে পরিপালন করতে হবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়।

০৩। সাবসিডিয়ারিসহ ব্যাংকের অর্থায়নে গঠিত অন্যান্য কোম্পানী/প্রতিষ্ঠানের লাভ-ক্ষতি ও এতদসংশ্লিষ্ট ঝুঁকি ব্যাংক কোম্পানীকেই বহন করতে হয় বিধায় উক্ত কোম্পানী/প্রতিষ্ঠানসমূহ দক্ষতার সাথে পরিচালনার বাধ্যবাধকতা রয়েছে। এখন, ব্যাংকসমূহ হতে এ মর্মে অবহিত হওয়া গিয়েছে যে, উল্লিখিত সার্কুলার লেটারের নির্দেশনা অনুযায়ী সাবসিডিয়ারি কোম্পানী এবং ব্যাংকের অন্যান্য কোম্পানী/প্রতিষ্ঠানসমূহে দায়িত্বরত চেয়ারম্যান/পরিচালক/সদস্যের পদ একসাথে তাৎক্ষণিকভাবে শূন্য করা হলে উক্ত প্রতিষ্ঠানসমূহ পরিচালনায় অভিজ্ঞতা ও দক্ষতার অভাব সৃষ্টি হওয়ার আশংকা দেখা দিতে পারে। ফলশ্রুতিতে ব্যাংক আর্থিক ক্ষতির সম্মুখীন হওয়ার ঝুঁকিতে পড়বে।

০৪। এক্ষেত্রে, সার্বিক বিবেচনায় সাবসিডিয়ারি কোম্পানী এবং ব্যাংকের অর্থায়নে গঠিত অন্যান্য কোম্পানী/প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদে দায়িত্বরত চেয়ারম্যান/পরিচালক/সদস্যের শূন্য পদের জন্য ব্যাংকের দক্ষ উত্তরসূরী/প্রতিস্থাপক গড়ে তোলার লক্ষ্যে সংশ্লিষ্ট পদ হতে পদত্যাগ/অব্যাহতি গ্রহণের মাধ্যমে পদ শূন্য করার সময় ৩০ জুন ২০২৩ পর্যন্ত বর্ধিত করা হলো।

০৫। এতদ্ব্যতীত, বিআরপিডি সার্কুলার লেটার নং ১৫/২০২২ এ বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আলী আকবর ফরাজী)  
পরিচালক (বিআরপিডি)

ফোনঃ ৯৫৩০০৯৫